

প্রথম আলো

110 JAN 2019
.....
.....
.....

**রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়
শিবির-ছাত্রলীগ সংঘর্ষে
২০ জন আহত, সব
বিভাগের পরীক্ষা স্থগিত**

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিবেদন •
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) গত বুধবার রাত্রে ছাত্রশিবির ও ছাত্রলীগের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ২০ জন আহত হয়েছে। এ অবস্থায় গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের পরীক্ষা অনিশ্চিতকালের জন্য স্থগিত করা হয়েছে। আবাদিক হল খোলা থাকলেও পরীক্ষা স্থগিত করায় অনেক সাধারণ শিক্ষার্থী হল ছেড়ে চলে গেছে।

প্রত্যক্ষদর্শী ও ক্যাম্পাস সূত্রে জানা গেছে, বুধবার রাত সাড়ে ১০টার দিকে ছাত্রলীগ নেতা-কর্মীরা নতুন মহাফোটা সরকারকে অভিনন্দন জানিয়ে জিয়াউর রহমান হল থেকে মিছিল বের করে। এ সময় হলের শিবির ক্যান্টাররা ছাত্রলীগ নেতা-কর্মীদের লক্ষ্য করে কটাক্ষ করে। এ নিয়ে উভয় সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে প্রথমে কাণ্ডবিতণ্ডা হয়। একপর্যায়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। মুহূর্তে সংঘর্ষ জিয়াউর রহমান হল থেকে শহীদ শহীদুল ইসলাম ও বে. সেলিম হলে ছড়িয়ে পড়ে।

ছাত্রলীগের কেন্দ্রীয় সদস্য হুশিউল ইসলাম রাশিদ ও রুয়েট শাখা ছাত্রলীগ নেতা আল আমীন বলেন, শিবির ক্যাম্পাসে কয়েক বছর ধরে সন্ত্রাস, দখলদারি ও ড্রাসের রাজত্ব কায়েম করেছে। তারা অভিযোগ করেন, শিবির ক্যান্টাররা তাদের মিছিলে বাধা দেওয়ার সংঘর্ষের সূত্রপাত হয়।

রুয়েট শাখা শিবিরের সাংগঠনিক সম্পাদক গোলাম আরিফ দাবি করেন, 'ছাত্রলীগ নেতা-কর্মীরা... সেলিম হলের শিবিরকর্মীদের কয়েকটি কক্ষে হামলা ও ভাঙচুর চালায়।'